

স্বাগতম

Bengali

সাটন হাউজিং পার্টনারশীপ ওয়েবসাইটে আপনাকে স্বাগতম ।

সাটন হাউজিং পার্টনারশীপ সংস্থাটি, লন্ডন বারা অব সাটনের মালিকানাধীন ঘরগুলোর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ।

আমাদের ওয়েবসাইটটির লক্ষ্য হলো, আমাদের হাউজিং সার্ভিস, স্থানীয় সংবাদ এবং অনুষ্ঠানগুলোর বিষয়ে হালনাগাদ তথ্য প্রদান করা, যাতে করে আমরা আমাদের রেসিডেন্টদের সাথে (অধিবাসী) আরো ভালোভাবে যোগাযোগ করতে পারি ।

সাটন বারার লোকজন অনেকগুলো ভাষায় কথা বলে থাকেন এবং আমরা এই ওয়েবসাইটটি অথবা আমাদের সবগুলো পাবলিকেশন বা প্রকাশনার অনুবাদ করতে সক্ষম হচ্ছি না । কিন্তু আমরা চাই যে, বাসিন্দাদের আমরা যে সকল সার্ভিসগুলো প্রদান করে থাকি, সেগুলো যাতে আমাদের বাসিন্দাগণ বুঝতে পারেন ।

আমাদের যখন আপনার ঘর এবং হাউজিং সার্ভিস সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করার অথবা সংগ্রহের প্রয়োজন হবে, তখন আমরা বাসিন্দাদের ট্রান্সলেশন (অনুবাদ) অথবা দোভাষী প্রদান করবো ।

এ ছাড়াও আমরা, আমাদের সবগুলো প্রকাশনাতে একটি ট্রান্সলেশন প্যানেল প্রদান করে থাকি, যেখানে এই প্রকাশনাটি কি এবং কি ভাবে আপনি এর একটি অনুবাদ করা কপি পেতে পারেন, সে বিষয়ে তথ্য প্রদান করা হয়ে থাকে ।

সাটন হাউজিং পার্টনারশীপের সবগুলো বিভাগ এবং এস্টেট অফিসগুলো নিম্নলিখিত সেবাগুলো পেতে সক্ষম:

টেলিফোন ইন্টারপ্রেটিং (টেলিফোনের মাধ্যমে দোভাষী সেবা)

ফেস-টু-ফেস ইন্টারপ্রেটিং (সামনাসামনি দোভাষী সেবা)

ট্রান্সলেশন সার্ভিস

অথবা আপনি যদি চান, আপনার পরিবারের একজন পূর্ণবয়স্ক সদস্য অথবা একজন বন্ধু আপনাকে এ বিষয়ে সাহায্য করতে পারেন ।

আপনার যদি এই সেবাগুলোর কোনো একটির প্রয়োজন হয়, তবে 0800 195 5552 নম্বরে আমাদের ফ্রিফোনে ফোন করুন ।